

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩ ১৭৮

কাঞ্চনপুর, ২৪ মার্চ, ২০২৫

১৩ এপ্রিল কাঞ্চনপুরে রাজ্যভিত্তিক বৈসু উৎসব

ব্রু সোসিয়াল কালচার্যাল অর্গানাইজেশনের উদ্যোগে আগামী ১৩ এপ্রিল কাঞ্চনপুর মহকুমার উড়িছড়া রতনমনি আশ্রম বিদ্যালয় মাঠে রাজ্যভিত্তিক বৈসু উৎসব অনুষ্ঠিত হবে। এই উৎসবকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে উদযাপনের জন্য সম্প্রতি কাঞ্চনপুর মহকুমা শাসক কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক প্রদীপ কুমার। সভায় আলোচনায় অংশ নিয়ে মহকুমা শাসক প্রদীপ কুমার আসন্ন রাজ্যভিত্তিক বৈসু উৎসবকে সার্থক ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য পূর্ত, গ্রামোন্যন, পানীয়জল ও স্বাস্থ্যবিধান, রাক প্রশাসন সহ বিভিন্ন দপ্তরকে এগিয়ে আসার আহ্বান জানান। সভায় দশদা রাকের বিডিও অন্পুর্তিয়া দার্লং, লালজুরি রাকের অতিরিক্ত বিডিও দীপক দাস, সোসিয়াল কালচার্যাল অর্গানাইজেশনের সভাপতি মানিক রিয়াৎ, সদস্যগণ ছাড়াও মহকুমা স্তরের বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
